দৈনিক ইত্তেফাক

177

তারিখ ... ... MAR. 14 2000

পৃষ্ঠা ৭ কলাম ৩


# নকলে সহযোগিতা না করায় খুন

গোপালগঞ্জ, সংবাদদাতা ॥ এসএসসি পরীক্ষায় নকলের সহযেগিতা না পাইয়া সন্ত্রাসী পরীক্ষার্থী গতকাল সোমবার মুকসুদপুর থানার লখাইরচর গ্রামে আজাদ (২৫) নামে এক যুবককে কোপাইয়া হত্যা করিয়াছে এবং আহত করিয়াছে মিলন

(২য় পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## নকলে সহযোগিতা

(প্রথম পৃষ্ঠার পর)

(১৪) ও রহমতকে (১৫)। গত রবিবার মুকসুদপুর পাইলট হাইস্কুল কেন্দ্রে কৃষিবিজ্ঞান পরীক্ষায় মেধাবী ছাত্র শিপনের নিকট পাসের সিটের ছাত্র জাহিদ খাতা দেখিতে এবং প্রশ্নের উত্তর জানিতে চাহিলে শিপন খাতা দেখাইতে অস্বীকৃতি জানায়। ইহাতে জাহিদ ক্ষিপ্ত হয়। তাহারই জের হিসাবে গতকাল সকাল ৯টায় শিপন তাহার বড় ভাই আজাদকে সাথে লইয়া পরীক্ষা কেন্দ্রে আসিবার সময় লখাইরচর ভ্যানষ্ট্যাণ্ডে জাহিদ, নাসির ও ইমদাদ তাহাদের এলোপাতাড়ি ছুরিকাঘাত করে। ফলে আজাদ, মিলন ও রহমত মারাত্মক আহত হয়। হাসপাতালে নেওয়ার পথে আজাদ মারা যায়। নিহত আজাদের বাড়ী পার্শ্ববর্তী নগরকান্দা থানার বাউশখালী গ্রামে। এই ঘটনায় এলাকায় উত্তেজনা বিরাজ করিতেছে। পুলিশ মোতায়েন করা হইয়াছে।

### মাদ্রাসা শিক্ষকদের এ কি কাণ্ড

ময়মনসিংহ (উত্তর) সংবাদদাতা ॥ গত রবিবার দাখিল পরক্ষায় নকল সরবরাহ এবং কর্তব্যে অবহেলার অভিযোগে কেওয়াটখালী প্রাথমিক বিদ্যালয়ের উপকেন্দ্রের ২৩ জন শিক্ষককে বহিষ্কার করা হইয়াছে। নকলের অভিযোগে ১০ জন ছাত্রকে বহিষ্কার ও নকল সরবরাহের কারণে ১ জন বহিরাগতকে আটক করা হইয়াছে। বহিষ্কৃত শিক্ষকগণ হইতেছন ঃ গিয়াস উদ্দিন, আব্দুল কাদের, শাহজাহান, নজরুল ইসলাম, আব্দুল জব্বার, হাবিবুজ্জামান, কাজিম উদ্দিন, মাহমুদ আলী, আনোয়ার হোসেন, রফিকুল ইসলাম, নুরুল্লাহ্, আমিনুল ইসলাম, আকরাম হোসেন, আবুল হোসেন, হারুন রশিদ, কামরুজ্জামান, আবুল মহসিন, শরিফুল ইসলাম, আবুল কালাম, দেলুয়ার হোসেন, আনোয়ার আহমদ, আব্দুল ওয়াহাব ও হাসমত আলী।

### ভুয়া পরীক্ষার্থী গ্রেফতার

কিশোরগঞ্জ সংবাদদাতা জানান, নিজের নাম পাল্টাইয়া এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করিতে আসিয়া পাকুন্দিয়া কেন্দ্রে গত রবিবার একজন গ্রেফতার হইয়াছে। ধৃত ভুয়া পরীক্ষার্থীর প্রকৃত নাম মোঃ হারুন-অর-রশীদ (২০)। সে মোঃ আসাদুজ্জামান নাম ধারণ করিয়া এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করিতেছিল।

### ডিসির বিরুদ্ধে অভিযোগের প্রতিবাদ

পিরোজপুর অফিস জানায়, মাধ্যমিক পরীক্ষায় জেলার নকল প্রতিরোধে ব্যর্থতার দায়ে জেলা প্রশাসককে প্রত্যাহারের ব্যাপারে স্থানীয় মাদ্রাসা ও স্কুল শিক্ষকরা প্রতিবাদ জানাইয়াছে। গতকাল (সোমবার) মাদাসা শিক্ষকরা শহরে এ ব্যাপারে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। সমাবেশে বলা হয়, জেলায় বেপরোয়া নকলের অভিযোগ সত্য নহে। শিক্ষক সমিতি ফেডারেশনের জেলা সভাপতি ও সম্পাদক লিখিতভাবে অনুরূপ প্রতিবাদ জানান। জেলা ছাত্রদলও রবিবার শহরে প্রতিবাদ মিছিল বাহির করে।

### বহিষ্কার

বগুড়া সংবাদদাতা জানান, গতকাল সোমবার এসএসসি পরীক্ষায় বগুড়ায় মোট ১২ জন পরক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে।